



VOL. VIII

JANUARY, 1998—JUNE, 1998

NO. 1 & 2

সম্পাদকীয়

এই সংখ্যাটি প্রকাশ করা হ'ল সদস্যদের কতকগুলো ব্যাপারে বিশেষ দৃষ্টি আকর্ষণের জন্য। সমিতি জন্মলগ্ন থেকে বহু বাধা-বিপত্তির সম্মুখীন হওয়া সত্ত্বেও, তার কর্মপ্রবাহ অব্যাহত রাখতে বদ্ধ পরিকর। অতীতের প্রকাশনাগুলো পর্যালোচনা করলে সহজেই ব্যাপারটি অনুধাবন করা সম্ভব হবে। এ ব্যাপারে সমিতির সকল সদস্যের সাহায্য এবং সহযোগিতার কথা স্বভাবতই এসে পড়ে। সমস্যা আগে ছিল, এখনও আছে, ভবিষ্যতে থাকবে, নতুন সমস্যা তৈরী হবে, কিন্তু আমরা সকলে যদি সক্রিয় হতে পারি, তবে সমস্যা থাকবে না, হবে কর্মপ্রবাহের উৎসাহ-উদ্দীপনার উৎস। এহেন কর্তব্যে, পেশায় নিযুক্ত বন্ধুদের সঙ্গে হওয়ার আহ্বান জানাই।

সংখ্যাটিতে, সকলের অবগতির জন্য, সকলকে উৎসাহিত করার জন্য, সতর্ক থাকার জন্য, বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয়েছে। আশাকরি, সকলে যত্নসহকারে বিষয়গুলি অনুধাবন করে সর্বপ্রকার সহযোগিতা করবেন। সমিতির তরফ থেকে যথাসাধ্য সাহায্য করার প্রতিশ্রুতি রইল।